উদ্যোগ
ঘরে ঘরে বিদ্যুৎ

মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি
মুস্তফাপুর, মাদারীপুর।

মোবাইল নম্বর - 01769400045
E-mail:gm.madaripurpbs@yahoo.com web site: pbs.madaripur.gov.bd

স্মারক নং-২৭.১২.৫৪৫৪.৫২৭.০২.০০৮.২১. ৫৯৪৬

তারিখঃ ২২ কার্তিক, ১৪২৮ বঃ
০৭ নভেম্বর, ২০২১ খ্রিঃ

# আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি

মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতির নিম্নবর্ণিত শূন্য পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের নিমিত্ত বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিলিং সহকারীর মধ্য হতে পল্লী বিদ্যুৎ সমিতি কর্মচারী চাকুরী বিধি, ১৯৯২ (সংশোধিত -২০১২ খ্রিঃ) এবং সংশোধিত পবিস নির্দেশিকা, ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির জন্য যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী কর্মচারীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধমে স্ব-হস্তে লিখিত দরখাস্ত (A4 সাইজের কাগজে) আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ০১. | বিলিং সুপারভাইজার | (ক) বিলিং সহকারী হিসেবে যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে নিয়মিত হিসেবে কমপক্ষে ০৭ (সাত) বছর কাজের অভিজ্ঞতা/ দক্ষতা থাকতে হবে ।<br>(খ) বিলিং কম্পিউটার, সার্ভার এবং অফিসের অন্যান্য যন্ত্রপাতি পরিচালন ও রক্ষণাবেক্ষণে অবশ্যই সক্ষম হতে হবে।<br>(গ) প্রতি মিনিটে বাংলায় ১০ ও ইংরেজীতে ৩০ শব্দ টাইপ করার সক্ষমতা থাকতে হবে।<br>(ঘ) সংশ্লিষ্ট পদের সর্বশেষ ০৩ (তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং ন্যুনতম ৩.৫০ থাকতে হবে।<br>(ঙ) পদোন্নতির ক্ষেত্রে মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর কর্মচারী চাকুরী বিধি, ১৯৯২ (সংশোধিত-২০১২) ও পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী সকল শর্তসমূহ পূরণ হতে হবে। |

**শর্তাবলীঃ**

০১। আবেদনকারীকে **খামের উপর পদের নাম** উল্লেখ করে সাদা কাগজে (A4 সাইজের কাগজে) স্ব-হস্তে বাংলায় (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) শিক্ষাগত যোগ্যতা (ঞ) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ ও (ট) নিয়মিতকরণের তারিখ উল্লেখ পূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুপারিশ সম্বলিত আবেদনপত্রসহ আগামী **২৪-১১-২০২১ খ্রিঃ তারিখ, রোজ বুধবার সকাল ১১.০০ ঘটিকায়** স্ব-শরীরে মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, মস্তফাপুর, মাদারীপুর এ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো ।

০২। **আবেদন পত্রের সহিত নিম্নে বর্ণিত কাগজ পত্র এজিএম (প্রশাসন/ এইচআর) কর্তৃক সত্যায়ন পুর্বক আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবেঃ**

(ক) সাম্প্রতিক তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি।
(খ) সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়ন প্রতিবেদনের ফটোকপি।
(গ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদপত্রের ফটোকপি।
(ঘ) জাতীয় পরিচয় পত্র ও ইউনিয়ন পরিষদ/ পৌরসভা চেয়ারম্যান কর্তৃক প্রদত্ব নাগরিকত্ব সনদের ফটোকপি।
(ঙ) চাকুরীতে নিয়মিত করণের তারিখ উল্লেখ পূর্বক বর্তমান পদে যোগদান ও নিয়মিত করণ পত্রের ফটোকপি।
(চ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণ পত্রের ফটোকপি।

০৩ । **সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-২৪ মোতাবেক যে সকল প্রার্থী নিম্নবর্ণিতভাবে (ক হতে জ পর্যন্ত ) দন্ড প্রাপ্ত হয়েছেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।**

(ক) সর্বশেষ ০৩ (তিন) বছরের মধ্যে কোনরুপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।
(খ) সর্বশেষ ০১ (এক) বছরের মধ্যে কোনরুপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।
(গ) বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।
(ঘ) বিগত ০৪ (চার) বছরের মধ্যে একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।
(ঙ) বিগত ০৩ (তিন) বছরের মধ্যে একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।
(চ) পদোন্নতির জন্য ০৩(তিন) বার নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন।
(ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন সময়কালে কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবেন না।
(জ) কোন কর্মচারীর বিরুদ্ধে দপ্তর কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলা চলমান থাকলে তিনি তৎসময়ে পদোন্নতির জন্য বিবেচিত হবেন না।

০৪। অতীত কর্মসম্পাদনের মান সন্তোষজনক হওয়া স্বাপেক্ষে যোগ্যতা সম্পন্ন আবেদনকারীগণের মধ্য হতে জ্যেষ্ঠতা অনুসারে প্যানেল প্রস্তুত করা হবে । পরবর্তীতে পবিসের প্রয়োজন অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে প্যানেল থেকে নিয়োগ প্রদান করা হবে।

০৫। সংশ্লিষ্ট পদে নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য **'চলতি দায়িত্বে'** নিয়োগ দেওয়া হবে। 'চলতি দায়িত্বে থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে সংশোধিত পবিস নির্দেশিকা: ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী অন্যান্য যোগ্যতা অর্জন স্বাপেক্ষে চাকুরী নিয়মিতকরণ করা যেতে পারে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ ০৬ (ছয়) মাস বৃদ্ধি/পূর্বতন পদে প্রত্যাবর্তন করানো হবে।

০২ এর পাতায়

০৬। পদোন্নতির জন্য জেলা কোটা প্রযোজ্য নয়। তবে অত্র সমিতির ভৌগলিক এলাকা অর্থাৎ মাদারীপুর সদর, রাজৈর, কালকিনি ও শিবচর উপজেলার স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই।

০৭। মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর কর্মকর্তা/ কর্মচারী এবং পবিস বোর্ড পরিচালক ও মহিলা পরিচালকদের স্বামী/স্ত্রী এবং তাদের রক্ত সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নেই।

০৮। পদোন্নতির ক্ষেত্রে অত্র পবিস চাকুরী বিধি, ১৯৯২ (সংশোধিত, ২০১২ খ্রিঃ) ও সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ প্রতিপালন করা হবে।

০৯। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ এবং বাপবিবো কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সাকুর্লার অনুযায়ী বেতন ভাতাদি প্রদান করা হবে।

১০। মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি কর্মচারী চাকুরী বিধি, ১৯৯২ (সংশোধিত, ২০১২ খ্রিঃ) এর ধারা- ৭, ১৪ এবং ১৬ প্রতিপালন করা হবে।

১১। ইতিপূর্বে অন্য কোন পবিস হতে চাকুরী হতে অপসারিত/ বরখাস্ত/ স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

১২। তথ্য গোপন করে যদি কেহ নিয়োগপ্রাপ্ত হন তাকে তদন্ত ব্যতিরেকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। বর্ণিত পদে প্রার্থীকে পদোন্নতি/নিয়োগ প্রদান করা হলে তিনি তা বাতিলের আবেদন/প্রত্যাখ্যান করতে পারবেন না।

১৪। নির্বাচনী সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৫। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে পবিস কর্তপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬। যে কোন আবেদনপত্র ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

07.11.2021

(প্রকৌঃ মোঃ সাখাওয়াত হোসেন)
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের জন্য অনুরোধ করা হলো।)**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর/পবিস মনিটরিং ও ব্যঃ পঃ(পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট,আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। **(বাপবিবোর ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিনীত অনুরোধ করা হল।)**
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ------------------পবিস-১/২/৩/৪ (যোগ্যতা সম্পন্ন প্রার্থীদেরকে অবহিত করনসহ তাদের আবেদনপত্র সুপারিশসহ অগ্রায়নের জন্য অনুরোধ করা হল।)
০৫। জিডিএম, শিবচর/ টেকেরহাট/কালকিনি জোনাল অফিস/সদর দপ্তর-কারিগরী, মাপবিস।
০৬। এজিএম (ওএন্ডএম/ ইএন্ডসি/এমএস/অর্থ/প্রশাসন), মাপবিস।
০৭। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), মাপবিস- ওয়েব সাইটে প্রকাশ করতে হবে।
০৮। নোটিশ বোর্ড, মাপবিস।
০৯। অফিস কপি/মাষ্টার কপি।

07.11.2021

(প্রকৌঃ মোঃ সাখাওয়াত হোসেন)
জেনারেল ম্যানেজার